সংবাদ

তারিখ ...... 3 MAR 2009
পৃ: ২১ কলাম ... ৭

সংসদে শিক্ষামন্ত্রী

# আগামী শিক্ষাবর্ষে বই ছাপার কাজ পাবে না কালো তালিকাভুক্তরা

সংসদ বার্তা পরিবেশক

শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ জাতীয় সংসদে জানিয়েছেন, চলতি বছর যেসব প্রকাশক বই ছাপার ক্ষেত্রে অনিয়ম করেছেন তদন্তের মাধ্যমে তাদেরকে কালো তালিকাভুক্ত করা হচ্ছে। তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হবে। ভবিষ্যতে তারা আর কখনোই জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্য পুস্তক বোর্ডের (এনসিটিবি) বই ছাপার কাজ পাবে না বলে তিনি জানান।

জাতীয় সংসদে গতকাল সোমবার বিএনপি দলের সদস্য এএম মাহবুব উদ্দিন খোকনের ৭১ বিধির জনগুরুত্বসম্পন্ন বিষয়ে আলোচনার পরিপ্রেক্ষিতে শিক্ষামন্ত্রী সরকারের এ সিদ্ধান্তের কথা জানান। তিনি বলেন, আগস্ট ডিসেম্বরের আগেই মাধ্যমিক পর্যায়ে স্কুলের শিক্ষার্থীদের জন্য নতুন বছরের বই ছাপার সিদ্ধান্ত নেয়া হয়েছে। তবে টাকা আটকে থাকবে এই চিন্তা থেকে ব্যবসায়ীরা আগেভাগে বই ছাপাতে রাজি হয় না। কিন্তু আমরা সিদ্ধান্ত নিয়েছি যেভাবেই হোক ডিসেম্বরের মধ্যে সব বই ছাপানোর বিষয়টি নিশ্চিত করা হবে। কাজ পাওয়ার পরও কোন প্রতিষ্ঠান প্রয়োজনীয় বই না ছাপলে তাদের বিরুদ্ধে এনসিটিবি আইনানুগ ব্যবস্থা নেবে।